দৈনিক সংবাদ

তারিখ 06 APR 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ৬

12

# বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আমার সরকারের কোন রাজনৈতিক স্বার্থ নেই ঃ রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, সরকার ঢাকা বিশ্ববিদ্যালয় সন্ত্রাসবাদ দমন এবং ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ পুনরুদ্ধারে সবকিছু করবে। খবর বাসস'র।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যদের সংগে আলাপকালে রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এ ব্যাপারে পূর্ণ সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

তিনি বলেন, "ক্যাম্পাসে আমার

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে

(১ম পাতার পর)

সরকারের কোন রাজনৈতিক স্বার্থ নেই। আমরা সেখানে প্রভাব প্রতিষ্ঠায় ইচ্ছুক নই এবং জাতীয় পার্টির ছাত্র ফ্রন্ট বিলোপের মাধ্যমে তা নিশ্চিত করা হয়েছে।"

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিয়ার নেতৃত্বে সিন্ডিকেট সদস্যদের এক প্রতিনিধিদল গতকাল বৃহস্পতিবার বিকেলে আন্তর্জাতিক সম্মেলন কক্ষে রাষ্ট্রপতির সংগে সাক্ষাত করেন। এই সময় শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার এবং শিক্ষা সচিব আ,ন,ম ইউসুফ উপস্থিত ছিলেন।

রাষ্ট্রপতি এরশাদ বলেন, তাঁর সরকার কখনই বিশ্ববিদ্যালয়সমূহের বিষয়ে হস্তক্ষেপ করেনি এবং ভবিষ্যতে তা করা হবে না।

রাষ্ট্রপতি ক্যাম্পাসে সশস্ত্র সন্ত্রাসবাদ দমন করে স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার পক্ষে কাজ করে যাওয়ার পক্ষে ২২ ছাত্র সংগঠন নেতৃবৃন্দের বিবৃতিতে আশাবাদ ব্যক্ত করেন।

রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয় খোলা রেখেই সমস্যাদির সমাধানে নতুন উপাচার্যের গৃহীত পদক্ষেপসমূহকে স্বাগত জানান। তিনি আশা প্রকাশ করেন যে, সংশ্লিষ্ট সকল পক্ষ এই উদ্যোগকে সফল করার কাজে যোগ দেবে। ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ পুনরুদ্ধারে সচেতনতা বৃদ্ধির কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, বর্তমান পরিস্থিতি চলতে থাকলে চূড়ান্তভাবে জাতিই ক্ষতিগ্রস্ত হবে এবং আন্তর্জাতিক সম্প্রদায়ে এর ভাবমূর্তিও ক্ষতিগ্রস্ত হবে।

উপাচার্য মনিরুজ্জামান মিয়া ক্যাম্পাসে সশস্ত্র সন্ত্রাসবাদ দমনে প্রশাসনের সর্বাত্মক সহযোগিতা কামনা করে বলেন, এই ব্যাপারে আইন শৃংখলা রক্ষাকারী সংস্থাগুলোর সক্রিয় সহযোগিতাই সবচেয়ে বেশী প্রয়োজন হবে। তিনি ক্যাম্পাসে সন্ত্রাসবাদের ব্যাপারে জনমত গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, এই প্রচারাভিযানে অভিভাবকদেরও অন্তর্ভুক্ত হওয়া উচিত।